

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অধ্যক্ষের কার্যালয়
ইডেন মহিলা কলেজ, ঢাকা।

তারিখ: ১৩/০৩/২০১৮ খ্রি।

ঢাকা বিশ্ববিদ্যালয়ের অধীন ইডেন মহিলা কলেজে ২০১৫-২০১৬ শিক্ষাবর্ষে মাস্টার্স শেষ পর্বে ভর্তি সংক্রান্ত বিজ্ঞপ্তি

ঢাকা বিশ্ববিদ্যালয়ের অধীন ইডেন মহিলা কলেজ হতে ২০১৪/২০১৫ সনের অনার্স ৪র্থ বর্ষ পরীক্ষায় উত্তীর্ণ ও ২০১৪ সনের মাস্টার্স ১ম পর্ব পরীক্ষায় উত্তীর্ণ এবং ২০১৫ সনের মাস্টার্স ১ম পর্ব পরীক্ষা সমাপ্তকারী ছাত্রীদের নির্ধারিত সময়ের মধ্যে কলেজের ক্যাশ শাখায় নির্ধারিত ফি জমা দিয়ে মাস্টার্স শেষ পর্বে ভর্তি হওয়ার জন্য বলা হলো। অন্য কোন কলেজ বা বিশ্ববিদ্যালয়ের ছাত্রীদের ক্ষেত্রে এ বিজ্ঞপ্তি প্রযোজ্য নয়।

বিষয়ের নাম	ফরমপূরণ ও ফি জমা দেয়ার তারিখ	সময়
হিসাববিজ্ঞান	১৪/০৩/২০১৮	সকাল ১০:০০ হতে দুপুর ১:০০ টা পর্যন্ত
ব্যবস্থাপনা	১৫/০৩/২০১৮	দুপুর ০১:০০ হতে দুপুর ৩:০০ টা পর্যন্ত
রাষ্ট্রবিজ্ঞান	১৮/০৩/২০১৮	দুপুর ০১:০০ হতে দুপুর ৩:০০ টা পর্যন্ত
অর্থনীতি, সমাজকর্ম,	১৯/০৩/২০১৮	সকাল ১০:০০ হতে দুপুর ১:০০ টা পর্যন্ত
ইসলামের ইতিহাস, দর্শন	২০/০৩/২০১৮	দুপুর ০১:০০ হতে দুপুর ৩:০০ টা পর্যন্ত
বাংলা, সমাজবিজ্ঞান	২১/০৩/২০১৮	সকাল ১০:০০ হতে দুপুর ২:০০ টা পর্যন্ত
উদ্ভিদবিদ্যা, প্রাণিবিদ্যা, মনোবিজ্ঞান, পদার্থ, গার্হস্থ্য অর্থনীতি, ভূগোল, রসায়ন, গণিত	২২/০৩/২০১৮	সকাল ১০:০০ হতে দুপুর ২:০০ টা পর্যন্ত
ইংরেজি, ফিন্যান্স,	২৪/০৩/২০১৮	দুপুর ০১:০০ হতে দুপুর ৩:০০ টা পর্যন্ত
ইতিহাস, মার্কেটিং, ইসলামী শিক্ষা	২৫/০৩/২০১৮	দুপুর ০১:০০ হতে দুপুর ৩:০০ টা পর্যন্ত

২০১৫-২০১৬ শিক্ষাবর্ষ মাস্টার্স শেষ পর্বে ভর্তি ফি

বিষয়ের নাম	আইসিটি ব্যতীত ফি	আইসিটিসহ ফি
এম.এ/এম.এস.এস/এম.বিএস	৪,২৫০.০০	৭,১৫০.০০
এম.এসসি	৪,৩৫০.০০	৭,২৫০.০০
সেমিনার ফি : এম.এ/এম.এস.এস/এম.বিএস: ৪০০/- এবং এম.এসসি: ৫৫০/-		
*সেমিনার ফি, থিসিস ফি, টার্ম পেপার ফি ও মাঠকর্ম ফি বিভাগ আদায় করবে।		

২। আইসিটি কোর্স গ্রহণ:

আইসিটি কোর্স মাস্টার্স শেষ পর্বের একটি নন-ক্রেডিট কোর্স। এই কোর্সের প্রাপ্ত নম্বর মাস্টার্সের মূল ফলাফলকে প্রভাবিত করবে না। এটি এক বছরের ডিপ্লোমা কোর্সের সমতুল্য। ঢাকা বিশ্ববিদ্যালয় এর জন্য পৃথক সার্টিফিকেট ইস্যু করবে।

৩। আবেদন ফরমের সাথে সংযুক্ত করতে হবে:

(ক) শিক্ষার্থীর সদ্য তোলা পাসপোর্ট সাইজের ৪ চার কপি রঙিন ছবি;

(খ) এস.এস.সি/সমমান, এইচ.এস.সি/সমমান, অনার্স/ডিগ্রি (পাস), মাস্টার্স ১ম পর্ব এর রেজিস্ট্রেশন কার্ড ও নম্বরপত্রের ফটোকপি;

(গ) অনার্স পাসের ফলাফলের কপি বা প্রিলিমিনারি পরীক্ষার প্রবেশপত্রের ফটোকপি।

৪। শিক্ষার্থীর করণীয়: স্ব স্ব বিভাগে সেমিনার ফি জমা দিয়ে রশিদ গ্রহণ করবে এবং একই বিভাগ হতে ভর্তির টাকা জমা রশিদ সংগ্রহ করে কলেজের ক্যাশ শাখায় নির্ধারিত ফি (সমপরিমাণ টাকা ভাংতি দিতে হবে) জমা দিবে। টাকা জমা রশিদের 'কলেজ অংশ' বিভাগে জমা দিয়ে আবেদন ফরম সংগ্রহ ও পূরণ করে জমা দিবে। ফরম পূরণের সময় পেপার কোড সর্বকভাবে লিখতে হবে। পেপার কোড ভুল লিখলে তার জন্য শিক্ষার্থী দায়ি থাকবে।

৫। বিভাগের করণীয়: বিভাগ কর্তৃক সেমিনার ফি গ্রহণের পূর্বেই ছাত্রীর ভর্তির যোগ্যতা যাচাই করতে হবে এবং কোন ছাত্রী 'আইসিটি' কোর্স অন্তর্ভুক্ত করলে তার জমাকৃত টাকার পরিমাণ যাচাই করতে হবে। স্ব স্ব বিভাগে ভর্তিকৃত ছাত্রীদের বিবরণী (কলেজ ওয়েবসাইটে সরবরাহকৃত নমুনা ছক অনুযায়ী) ও ফরম আগামী ২৭/০৩/২০১৮ খ্রি. তারিখের মধ্যে জমা দিতে হবে।



(প্রফেসর ড. শামসুন নাহার)

অধ্যক্ষ

ইডেন মহিলা কলেজ, ঢাকা।



কার্যার্থে:

১। বিভাগীয় প্রধান, সকল বিভাগ, ইডেন মহিলা কলেজ, ঢাকা;

২। প্রধান সহকারি, ইডেন মহিলা কলেজ, ঢাকা;

৩। কোষাধ্যক্ষ, ইডেন মহিলা কলেজ, ঢাকা;

৪। রেজিস্ট্রেশন শাখা, ইডেন মহিলা কলেজ, ঢাকা;

৫। সংরক্ষণ নথি।